৭৪

দৈনিক বাংলা

তারিখ ০৭ JUN 1995
পৃষ্ঠা ১ কলাম ৭

## ঢাকা বিশ্ববিদ্যালয়

# টেবুলেশনে গরমিল ঃ ৫ শতাধিক ডিগ্রী পরীক্ষার্থীর ফল স্থগিত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** টেবুলেশন সীটে পরীক্ষায় প্রাপ্ত নম্বরে গরমিল হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯৩ সালের সর্বশেষ ডিগ্রী পরীক্ষায় ৫ শতাধিক পরীক্ষার্থীর ফল প্রকাশ স্থগিত রয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১৯৯৩ সালে ডিগ্রী পরীক্ষায় যেসব ছাত্রছাত্রী ফেল করেছিলেন তাদের ১৯৯৩ সালের পরবর্তী ব্যাচ হিসাবে গত বছর অক্টোবর মাসে একটি পরীক্ষা গ্রহণ করে। এই পরীক্ষার ফল গত রোববার প্রকাশিত হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের দফতরের একজন কর্মকর্তা জানান, টেবুলেশন শিটে জটিলতা, পরীক্ষায় অসদুপায় অবলম্বনসহ বিবিধ কারণে এদের ফলাফল স্থগিত রাখা হয়েছে।

সূত্র জানান, এই পরীক্ষার ফল প্রকাশের আগে 'টেবুলেশন বোর্ড' পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে যে নম্বরপত্র প্রদান করেন, পরবর্তীতে টেবুলেটরদের নম্বর সীটের নম্বরের সঙ্গে পরীক্ষা নিয়ন্ত্রকের নম্বর সীটের মধ্যে গরমিল পাওয়া যায়। অনেক পরীক্ষার্থীর নম্বরপত্রে নতুন করে সংখ্যা বসানোর অভিযোগও প্রমাণিত

(৮-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## টেবুলেশনে গরমিল

(প্রথম পৃষ্ঠার পর)

হয়। এতে করে তাদের ফল প্রকাশ স্থগিত করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক এ অভিযোগ স্বীকার করে বলেন, পরীক্ষায় অসাধু উপায় অবলম্বন, 'তদন্তকরণে রিপোর্টেড' এবং বিবিধ কারণে এসব স্থগিত ফল নতুন করে দেখা হবে বিধায় দ্রুত ফল প্রকাশ সম্ভব হচ্ছে না।

এসব জটিলতা নিরসন করে তাদের ফল প্রকাশ করার ব্যাপারে এখনও তেমন কোন উদ্যোগ গৃহীত হয়নি।

জানা গেছে, ডিসিপ্লিনারী বোর্ড (ডিবি) এ বিষয়ে সভা আহবান করে ফল প্রকাশের সিদ্ধান্ত গ্রহণ করবেন। কিন্তু ডিসিপ্লিনারী বোর্ডের সভা বর্তমানে মাস্টার্স ভর্তি পরীক্ষা চলার কারণে সম্ভব হচ্ছে না।